গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

নম্বর-৩৮.০০.০০০০.৩০৫.০৬.১৭৬.১৮- ৩৭(ক)

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৬ / ০৬ মে ২০১৯

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি ৪ এর সাব-কম্পোনেন্ট ২.৫ আউট অব স্কুল চিলড্রেন প্রোগ্রাম সারা দেশে মাঠ পর্যায়ে বাস্তবায়ন করা হবে। এ লক্ষ্যে ৬৪ জেলায় Implementation Support Agency (ISA) নিয়োগের জন্য আগ্রহ ব্যক্তকরণ (EOI) বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। সংক্ষিপ্ত তালিকাকরণের (Short listing) কাজ চলমান রয়েছে। গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন মহল/ব্যক্তি নানাভাবে প্রতারণার মাধ্যমে কাজ পাইয়ে দেওয়ার নাম করে অবৈধ পন্থায় আর্থিক সুবিধা গ্রহণ করছে মর্মে জানা যায়। এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে, ISA নিয়োগের ক্ষেত্রে পত্রিকায় প্রকাশিত চাহিত অভিজ্ঞতা ও যোগ্যতার ভিত্তিতেই সরকারি সেবা ক্রয় এর বিধি বিধান অনুসরণপূর্বক নিয়োগের কাজ যথাযথ স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করা হবে।

এ প্রেক্ষিতে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এটি সরকারি ক্রয় বিধিমালা (পিপিআর) অনুসরণপূর্বক বিভিন্ন কমিটির মাধ্যমে যাচাই বাছাই এবং সর্বশেষ সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (CCGP) এর সুপারিশের ভিত্তিতে চূড়ান্ত করা হবে। কাজেই এটি একটি দীর্ঘ প্রক্রিয়া। তাই প্রতারণার মাধ্যমে/ অনৈতিকভাবে অর্থের বিনিময়ে ISA এর কাজ পাইয়ে দেওয়ার কোন সুযোগ নেই। সংশ্লিষ্ট সকলকে এ ধরণের প্রতারণা/ প্রলোভনের সাথে না জড়ানোর জন্য পরামর্শ দেওয়া হলো। কোন ব্যক্তির বিরুদ্ধে এরুপ প্রতারণার অভিযোগ পাওয়া গেলে সঙ্গে সঙ্গে নিকটস্থ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শামস আল মুজাদ্দিদ
পরিচালক (পরিকল্পনা)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো